৮/১১/২০০১

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৭

সংবাদ

২০০১ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষা

# ৩০৪ জন পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল

লক্ষ্মীপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমি
শিক্ষা বোর্ডের আওতাধীন ২০০১ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষ
লাকালে অসদুপায় অবলম্বন ও পরীক্ষার বিধি লংঘন করার দায়ে স্থগি
ফলাফল নিয়ে গত ২৫শে সেপ্টেম্বর বোর্ডের শৃঙ্খলা বিধান কমিটির সভা
সিদ্ধান্ত মোতাবেক লক্ষ্মীপুর জেলার ১১টি কেন্দ্রের ৩০৪ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে
শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে তাদের পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়েছে
সভার সিদ্ধান্তে বলা হয়েছে এ পরীক্ষার্থীরা ইচ্ছা করলে এবং রেজিস্ট্রেশনে
ময়াদ থাকলে তারা ২০০২ সালে স্ব স্ব বিদ্যালয়ের মাধ্যমে অনিয়মি
পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
কুমিল্লা বোর্ডের গত ৯ই অক্টোবর জারি করা আদেশ ৫ই নভেম্বর জে
প্রশাসক বরাবর পাঠানো হয়। এতে লক্ষ্মীপুর জেলার ১১টি কেন্দ্রের ৩শ ৪ জ
পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে
লক্ষ্মীপুর-১ কেন্দ্রের ১৪ জন, লক্ষ্মীপুর-২ কেন্দ্রের ২৪ জন, লক্ষ্মীপুর-৩ কেন্দ্রে
৪ জন, লক্ষ্মীপুর-৪ কেন্দ্রের ৪০ জন, লক্ষ্মীপুর-৫ কেন্দ্রের ১২ জন, রামগতি
কেন্দ্রের ২৮ জন, রামগতি-২ কেন্দ্রের ১৮ জন, রামগতি-৩ কেন্দ্রের ২৬ জন
রায়পুর কেন্দ্রের ৪ জন, রামগঞ্জ-১ কেন্দ্রের ৩৩ জন ও রামগঞ্জ-২ কেন্দ্রের ৪
জন।
নির্দেশমতে ২০০১ সালের এসব কেন্দ্রের পরীক্ষা বাতিলকরণসহ যাদেরকে
২০০২-২০০৩ সালে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণ করা থেকে বিরত থাকা
নির্দেশ দেয়া হয়েছে তারা হলো— লক্ষ্মীপুর-৩ কেন্দ্রের ১ জন পরীক্ষার্থী রোল
নং ১৫৯০৮২ এবং রামগঞ্জ-১ কেন্দ্রের ১ জন পরীক্ষার্থী, রোল নং ৩৬২৪৪৮।
এছাড়া ২০০৪ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে যাদেরকে বিরত রাখ
হয়েছে তারা হলো—রামগঞ্জ-১ কেন্দ্রের ১ জন, রোল নং ১৫৯২৬৬, লক্ষ্মীপুর
কেন্দ্রের ১ জন, রোল নং-৫৫৯৭৯৭ এবং লক্ষ্মীপুর-৫ কেন্দ্রের ১ জন, রোল
নং-৩৬৪১১৮। তবে তারা ২০০৪ সালে পরীক্ষা দিতে পারবে। বোর্ডে
সিদ্ধান্তের আদেশ স্ব-স্ব বিদ্যালয়ে পাঠানো হয়েছে।